দৈনিক ইত্তেফাক

NOV. 22 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ২ ... কলাম ... ৩ ...



ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে সহাবস্থানের সিদ্ধান্তের পর গতকাল ছাত্র-ছাত্রীদের পদচারণায় মুখরিত হয়ে উঠে ক্যাম্পাস
—রশীদ তালুকদার

### ছাত্র সংগঠনগুলোর সভা-সমাবেশ নেই

# সাধারণ ছাত্র-ছাত্রীদের পদভারে মুখরিত ক্যাম্পাস ॥ মধুর ক্যান্টিন জমজমাট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ রাজনৈতিক ছাত্রসংগঠনগুলোর সভা সমাবেশ ছাড়াই গত কয়েকদিন যাবৎ চলছে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। অসংখ্য সাধারণ ছাত্র-ছাত্রীর পদভারে মুখরিত হচ্ছে প্রতিদিনের ক্যাম্পাস। গত সপ্তাহে ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির কার্যক্রম স্থগিত ঘোষণা হওয়ায় সংগঠনের কোন মিছিল সমাবেশ ক্যাম্পাসে হচ্ছে না। তবুও সংগঠনের বিভিন্ন গ্রুপের নেতা-কর্মীরা ভীড় জমাচ্ছে মধুর ক্যান্টিনে। অন্যদিকে ছাত্রলীগ দীর্ঘ ৪৮ দিন পর গত মঙ্গলবার ক্যাম্পাসে আসে। তারা এখনও কোন

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## মুখরিত ক্যাম্পাস

(প্রথম পৃঃ পর)

কার্যক্রম শুরু করতে পারেনি। গতকাল ছাত্রলীগ নেতৃবৃন্দ জগন্নাথ এবং জহুরুল হক হলের বিতাড়িত নেতা-কর্মীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের নয়া প্রক্টর অধ্যাপক নজরুল ইসলামের কাছে জমা দেন। বাম ছাত্রসংগঠনগুলোও ,বিশেষ কোন ইস্যু না থাকায় আন্দোলন করতে পারছে না। ঈদের পর পুনরায় ছাত্র সংগঠনগুলো তাদের রাজনৈতিক কর্মকাণ্ড শুরু করবে বলে জানায়। পবিত্র রমজান মাস উপলক্ষে ক্লাস, লাইব্রেরী, প্রশাসনিক ভবনের কাজের সময়ের পরিবর্তনে ছাত্র-ছাত্রীদের কিঞ্চিত সমস্যা হচ্ছে বলে কয়েকজন ছাত্র-ছাত্রী জানায়। রমজান মাসের জন্য ছাত্র-ছাত্রীদের আড্ডার কেন্দ্রবিন্দু মধুর ক্যান্টিন আইবিএ ক্যান্টিন, টিএসসি চত্বর থাকে বিকেলে ফাঁকা ফাঁকা।